তারিখ ..09 APR 2017...
পৃষ্ঠা ..7.. কলাম...

সংবাদ





সাঁথিয়া (পাবনা) : রায়েকমারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জীর্ণ ভবন। (ইনসেটে) ফাটল ধরা ছাদের শ্রেণী কক্ষে আতঙ্কের মাঝেও পাঠ নিচ্ছে ছাত্র-ছাত্রীরা -সংবাদ

### রায়েকমারী সর. প্রাথ. বিদ্যালয়

# দুর্ঘটনার আশঙ্কা সত্ত্বেও ঝুঁকিপূর্ণ ভবনে পাঠদান

রতন দাশ, সাঁথিয়া (পাবনা)

পাবনার সাঁথিয়া উপজেলাধীন রায়েকমারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবণে ঝুঁকিপূর্ণ অবস্থায় ক্লাস চলছে। যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটার আশঙ্কা করা হচ্ছে। জানা যায়, ১৯৯৪ সালে চার কক্ষবিশিষ্ট ভবন নিম্নমানের উপকরণ দিয়ে নির্মাণ করা হয়েছে। বর্তমান ভবণের ছাদ ও দেয়ালের প্লাটার খসে রড এবং শুরকি (খোয়া) বের হয়ে পড়েছে। সামান্য বৃষ্টিতেই কক্ষের মধ্যে পানি পড়ে। মাঝে মধ্যেই প্লাটার খুলে ছাত্রছাত্রীসহ শিক্ষকদের মাথার উপর পড়ে। এতে ছাত্রছাত্রীরা ভয়ে ভীতু হয়ে স্কুলে আসা বন্ধ করে দিয়েছে। সরোজমিনে গিয়ে দেখা যায়, ৪ কক্ষ বিশিষ্ট বিদ্যালয়ের ভবণটির জানালা-দরজা ভাঙ্গা, ছাদ, দেয়াল পিলারের প্লাটার খুলে পড়ছে। বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা জীবনের ঝুঁকি নিয়ে শ্রেণী কক্ষে ক্লাস করছে। যে কোন মুহূর্তে ছাদের খোয়সহ প্লাটার খুলে পড়ে ছাত্রছাত্রীসহ শিক্ষকদের জীবনাশের ঘটনা ঘটতে পারে।

## সাঁথিয়া

বিদ্যালয়ে প্রধান শিক্ষক জীবন নাহার জানান, বিদ্যালয়ের শ্রেণীকক্ষ ঝুঁকিপূর্ণ হওয়ায় শিক্ষার্থীরা অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানে চলে গেছে। বিদ্যালয়ের ভবন যখন ভালো ছিল তখন এ প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীর উপস্থিতি ছিল প্রায় সাড়ে ৩শ' জন। বর্তমানে ছাত্রছাত্রীর উপস্থিতি প্রায় ১৭০ থেকে ১৮০ জন। বিদ্যালয়ে ভবনের বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট লিখিতভাবে আবেদন নিবেদন করেও কোন প্রতিকার পাওয়া যায়নি। বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতি আবদুল ওহাব জানান, বিদ্যালয়ের বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তাসহ উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হয়েছে। তারা দ্রুত সময়ের মধ্যে ভবনটির কাজ করে দিবে বলে আশ্বাস দিয়েছেন। কতদিনে এ আশ্বাস পূরণ হবে তা জানা নাই। এদিকে বিদ্যালয় থেকে ছাত্রছাত্রীরা দিনের পর দিন কমছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দ্রুত সময়ে মধ্যে বিদ্যালয়ে ভবনটি সংস্কারের দাবি করছেন এলাকাবাসী।